তারিখ ... 22 JUN 1990
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ১৯৮৯–৯০ শিক্ষাবর্ষের মাষ্টার ডিগ্রী প্রিলিমিনারী কোর্সে

# ভর্তির বিজ্ঞপ্তি

তারিখ ঃ ১৯–৬–৯০ ইং

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত অনুষদ সমূহের পার্শ্বোল্লেখিত বিষয় সমূহে ১৯৮৯–৯০ শিক্ষাবর্ষের মাষ্টার ডিগ্রী প্রিলিমিনারী কোর্সে ভর্তির নিমিত্তে ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য নিম্নোল্লেখিত যোগ্যতা সম্পন্ন ছাত্র/ছাত্রীদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা হচ্ছে। নগদ ২৫/– টাকা সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তরে জমা করে নির্ধারিত আবেদনপত্রের ফরম আগামী ১০–৭–৯০ ইং তারিখ থেকে সংগ্রহ করা যাবে। দুই কপি সত্যায়িত ছবি এবং সকল পরীক্ষা পাশের বোর্ড/বিশ্ববিদ্যালয় কর্তৃক ইস্যুকৃত নম্বর ফর্দের ও প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি সহ আবেদনপত্র সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তরে সর্বশেষ আগামী ২২–৭–৯০ ইং তারিখের মধ্যে জমা করে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। ডাকযোগে কোন আবেদনপত্র সরবরাহ বা গ্রহণ করা হবে না।

| | | |
|---|---|---|
| ক) কলা অনুষদ | ঃ | বাংলা, ইংরেজী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, চারুকলা (নাট্যকলা ও চিত্রকলা), আরবী, পালি এবং সংস্কৃত। |
| খ) বাণিজ্য অনুষদ | ঃ | হিসাব বিজ্ঞান ও ব্যবস্থাপনা। |
| গ) বিজ্ঞান অনুষদ | ঃ | পদার্থ, রসায়ন, গণিত, পরিসংখ্যান, উদ্ভিদ বিদ্যা ও প্রাণিবিদ্যা। |
| ঘ) সমাজ বিজ্ঞান অনুষদ | ঃ | অর্থনীতি, রাজনীতি বিজ্ঞান, সমাজতত্ত্ব ও লোক প্রশাসন। |

ভর্তির যোগ্যতাঃ যে সকল ছাত্র/ছাত্রী ১৯৮৮ বা ১৯৮৯ সালে স্নাতক (পাস) পরীক্ষা পাশ করেছে এবং তাদের মধ্যে যাদের মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক (পাস) পরীক্ষায় বা এ সমস্ত পরীক্ষার অনুমোদিত সমতুল্য পরীক্ষায় কমপক্ষে মোট পাঁচ পয়েন্ট আছে এবং ভর্তি ইচ্ছুক বিষয়ে বা ইহার অনুমোদিত সম্পর্কযুক্ত বিষয়ে স্নাতক (পাস) পর্যায়ে কমপক্ষে শতকরা ৪০ নম্বর আছে শুধুমাত্র তাদেরকেই ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের ও ভর্তি পরীক্ষা পাশ সাপেক্ষে ভর্তির যোগ্য বলে গন্য করা হবে। অনার্স পরীক্ষায় স্নাতক (পাস) ডিগ্রীপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ভর্তির বেলায় ভর্তি ইচ্ছুক বিষয়ে কমপক্ষে শতকরা ৪০ নম্বর থাকার শর্ত প্রযোজ্য হবে না।

১৯৮৮ সালের পূর্বে স্নাতক (পাস) পরীক্ষা পাশ এবং ১৯৮৯ সালের স্নাতক (পাস) পরীক্ষায় রেফার্ডপ্রাপ্ত ছাত্র/ছাত্রীরা ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের জন্য এবং এবং ভর্তির জন্যও অযোগ্য বলে গণ্য করা হবে।

(নোট)ঃ ১ম বিভাগের মান–৩ পয়েন্ট, ২য় বিভাগের মান –২ পয়েন্ট ও ৩য় বিভাগের/রেফার্ড পরীক্ষা পাশের/অনার্স পরীক্ষায় স্নাতক (পাস) ডিগ্রী প্রাপ্তদের মান –১ পয়েন্ট।

বিশেষ দ্রষ্টব্যঃ ভর্তি হওয়ার পর কোন ছাত্র/ছাত্রীকে বিষয় পরিবর্তনের অনুমতি দেয়া হবে না। উপজাতীয় ছাত্র/ছাত্রীদের ভর্তির জন্য এবং ইংরেজী, চারুকলা, আরবী, পালি ও সংস্কৃত বিষয়ে ভর্তির জন্য ভর্তির বিশেষ যোগ্যতা নির্ধারণ করা হয়েছে। তা সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তর হতে সংগ্রহ কর যাবে।

ভর্তি পরীক্ষা অনুষ্ঠানের তারিখ, ভর্তি পরীক্ষার ফল প্রকাশের তারিখ, ভর্তি ফিস জমা দেওয়ার শেষ তারিখ এবং ভর্তি সম্পর্কিত অন্যান্য বিস্তারিত নিয়মাবলী ও তথ্যাবলী সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতির দপ্তর হতে নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে।

অত্র বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিষ্ট্রার (একাডেমিক) এর ছাড়পত্র ছাড়া ভর্তি ফিস জমাদান বৈধ হিসাবে গণ্য করা হবে না। এই ছাড়পত্র নেওয়ার জন্য সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীকে তার ভর্তির প্রয়োজনীয় সমস্ত মূল দলিলপত্রাদি যাচাইয়ের জন্য উক্ত অফিসারের নিকট জমা দিতে হবে। অন্যথায় ভর্তি ফিস জমা দেয়ার অনুমতি প্রদান করা হবে না।

রেজিস্ট্রার
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

সি–৪১৬৫

The Bangladesh Times
৭